



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে দ্যা হংকং পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৮ মে ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আজ দ্যা হংকং পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক চুক্তিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং দ্যা হংকং পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ের পক্ষে এ্যাপ্লাইড সোস্যাল সায়েন্সেস এর অধ্যাপক ও বিভাগীয় প্রধান এরিক উইং হং চু (Prof. Eric Wing Hong CHUI) স্বাক্ষর করেন।



বেলা ১২টায় উপাচার্য অফিসের কনফারেন্স কক্ষে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বশির আহমেদ, চুক্তিভিত্তিক রেজিস্ট্রার রহিমা কানিজ, সরকার ও রাজনীতি বিভাগের চেয়ারম্যান তারানা বেগম, বিভাগীয় শিক্ষক অধ্যাপক ড. মো. শামছুল আলম, অধ্যাপক সামসুল্লাহর খানম, সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ তারিকুল ইসলাম, মো. ইখতিয়ার উদ্দিন ভূঁইয়া, ড. মো. ফরিদ হোসেন, কামরুল হাসান, দ্যা হংকং পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ের এ্যাপ্লাইড সোস্যাল সায়েন্সেস গবেষণা সহকারী ড. হারবেরি চিয়াং (Dr. Herbarry CHEUNG) প্রমুখ উপস্থিত ছিলেন।

এ চুক্তির আওতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের সঙ্গে দ্যা হংকং পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ের এ্যাপ্লাইড সোস্যাল সায়েন্সেস এর শিক্ষক-শিক্ষার্থীগণ দ্বি-পাক্ষিক শিক্ষা, গবেষণা-প্রকাশনা, সেমিনার ইত্যাদি কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ পাবেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)